যায়যায়দিন

তারিখ 19 NOV 2012
পৃষ্ঠা ৩ কলাম ৬

# মেডিকেলে ভর্তিতে সরকারি নিয়ন্ত্রণের বিরুদ্ধে রুল

যাযাদি রিপোর্ট

সব সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজের ভর্তি প্রক্রিয়া কেনো সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অধীনে সম্পন্ন করার নির্দেশ দেয়া হবে না- তা জানতে চেয়েছে হাইকোর্ট। একটি রিট আবেদনের প্রাথমিক শুনানি করে বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ ও বিচারপতি শেখ হাসান আরিফের বেঞ্চ রোববার এই রুল জারি করে। স্বাস্থ্য সচিব, শিক্ষা সচিব, প্রতিরক্ষা সচিব, স্বাস্থ্যসেবা অধিদপ্তরের মহাপরিচালক, পরিচালক, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ইউনিভার্সিটি অফ প্রফেশনাল কর্তৃপক্ষকে ৩ সপ্তাহের মধ্যে এর জবাব দিতে বলা হয়েছে। সুপ্রিমকোর্টের আইনজীবী ড. ইউনুস আলী আকন্দ দুপুরে হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এই রিট আবেদন করেন। পরে তিনি নিজেই শুনানি করেন। শুনানিতে সরকারপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল রাজিক আল জলিল।